

কোভিড -19 কেইসের উপর ভিত্তি করে জনস্বাস্থ্য দলের সাপ্তাহিক বিবৃতি

12 আগস্ট 2021

06 আগস্ট পর্যন্ত সাত দিনে (11 আগস্ট প্রকাশিত তথ্যের উপর ভিত্তি করে) আমরা ব্রাইটন অ্যান্ড হোভে 1375 টি নতুন কোভিড-19 কেইস সনাক্ত করেছি-যা গত সপ্তাহের 1135 টির চেয়ে বেশি।

- আগের সপ্তাহের চেয়ে 21% বেড়েছে
- প্রতি 100,000 বাসিন্দার সাপ্তাহিক হার 471 এর সমতুল্য - আগের সপ্তাহের প্রতি 100,000 জনে 390.2 এর চেয়ে
- দক্ষিণ পূর্বের তুলনায় বেশী যা প্রতি 100,000 জনে 253.3 ছিল
- ইংল্যান্ডের চেয়ে বেশি, যা ছিল প্রতি 100,000 জনে 296.6 ছিল

ব্রাইটন এবং হোভের জন্য এর অর্থ কী

আমাদের শহরে কোভিড-19 সংক্রমণের হার সব বয়সী গোষ্ঠী বিশেষ করে তরুণদের মধ্যে অনেক বেশি।

আমাদের স্থানীয় হাসপাতালে কোভিড-19 আক্রান্ত মানুষের সংখ্যা বৃদ্ধি পেয়েছে, তবে নতুন বছরের প্রথম দিকে কেইসের সংখ্যা যখন অনেক বেশি ছিল তার তুলনায় এটি অনেক কম। এটি দেখায় যে টিকা কর্মসূচি কাজ করছে।

যাইহোক, সবাই সুরক্ষিত আছে তা নিশ্চিত করার জন্য আমাদের এখনও অনেক দূর যেতে হবে। আমাদের শহরে টিকা দেওয়ার হার দেশের অনেক এলাকার চেয়ে কম। ব্রাইটন অ্যান্ড হোভে প্রতি চারজন প্রাপ্তবয়স্কের মধ্যে মাত্র তিনজন তাদের প্রথম টিকার ডোজ পেয়েছেন।

25 থেকে 34 বছর বয়সীদের মধ্যে টিকা নেয়া কম। এই বয়সের দশ জনের মধ্যে মাত্র ছয় জন টিকা নিতে শুরু করেছেন।

এটা গুরুত্বপূর্ণ যে সবাই ভ্যাকসিন নেবার প্রস্তাবটি গ্রহণ করেন, বিশেষত যেখানে আমাদের মধ্যে অনেকেই বাড়িতে এবং শহরে সামাজিকভাবে আবার মেলামেশা করছে।

টিকা কোভিড-19 থেকে বাঁচার সবচেয়ে ভালো সুরক্ষা

যুক্তরাজ্যের প্রতিটি প্রাপ্তবয়স্ক কোভিড-19 টিকা পেতে পারে। আপনি যদি এখনও টিকা নেওয়া শুরু না করেন, তাহলে আর দেরী করবেন না।

একটি শহর হিসাবে আমাদের সকলেরই আমাদের সমাজের দুর্বল মানুষদের কথা বিবেচনা করা দরকার যারা ভাইরাসে আক্রান্ত হলে অসুস্থ হওয়ার সবচেয়ে বেশি ঝুঁকিতে।

যখন আপনি টিকা নেবেন আপনি কেবল নিজেকে রক্ষা করবেন না, আপনি আপনার আশেপাশের সবাইকে এই বিপজ্জনক ভাইরাস থেকে রক্ষা করবেন।

সকল স্থানীয় মোবাইল এবং পপ-আপ টিকা ক্লিনিকের বিবরণ [সাসেক্স হেলথ অ্যান্ড কেয়ার](#) এবং [এনএইচএস ওয়াক-ইন ভ্যাকসিনেশন](#) ওয়েবসাইটে পাওয়া যাবে।

আপনার এলাকায় ওয়াক-ইন ক্লিনিকের জন্য অপেক্ষা করার প্রয়োজন নেই।

[এনএইচএস ন্যাশনাল টিকা বুকিং সার্ভিসের](#) মাধ্যমে এবং ব্রাইটন রেসকোর্স এবং শহরের অন্যান্য স্থানে অ্যাপয়েন্টমেন্টের জন্য 0300 303 8060 এ নম্বরে কল করে ব্রাইটন সেন্টারে প্রতিদিন প্রি-বুকড ভ্যাকসিনেশন অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায়।

সকল স্থানীয় মোবাইল এবং পপ-আপ টিকা ক্লিনিকের বিবরণ [সাসেব্র হেলথ অ্যান্ড কেয়ার](#) এবং [এনএইচএস ওয়াক-ইন ভ্যাকসিনেশন](#) ওয়েবসাইটে পাওয়া যাবে।